

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৪.০১১.২৪-৩৬৬

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩
০৪ মে ২০২৬

বিষয়: উন্নয়ন সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের পূর্বে স্থানীয় সরকার বিভাগের অনুমতি গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের কোন কোন সিটি কর্পোরেশন ও পৌরসভা উন্নয়ন সহযোগী সংস্থা/দাতা সংস্থার সাথে উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন চুক্তি স্বাক্ষর করছে, যা সরকার তথা স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতি ব্যতীত সম্পাদিত হচ্ছে। এ ধরনের কার্যক্রম সরকারি নীতিমালা ও বিধিবিধানের পরিপন্থী হওয়ায় সকল সিটি কর্পোরেশন ও পৌরসভাকে উন্নয়ন সহযোগী সংস্থা/দাতা সংস্থার সাথে যেকোনো প্রকার উন্নয়ন সংক্রান্ত চুক্তি/সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের পূর্বে আবশ্যিকভাবে সরকার তথা স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতি গ্রহণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, দেশের সকল সিটি কর্পোরেশন ও পৌরসভাকে উন্নয়ন সহযোগী সংস্থার সাথে যেকোনো প্রকার উন্নয়ন সংক্রান্ত চুক্তি/সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের পূর্বে আবশ্যিকভাবে সরকার তথা স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতি গ্রহণ করার জন্য সকল সিটি কর্পোরেশন ও পৌরসভাকে নির্দেশক্রমে নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতি ব্যতীত কোন সিটি কর্পোরেশন/পৌরসভা ইতোমধ্যে কোন উন্নয়ন সহযোগী সংস্থা/দাতা সংস্থার সাথে উন্নয়ন সংক্রান্ত চুক্তি/সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করে থাকলে জরুরীভিত্তিতে তার তথ্য এ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ রবিউল ইসলাম)
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

বিতরণ জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল); এবং
২. প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তা/পৌর নির্বাহী কর্মকর্তা, পৌরসভা (সকল)।

বিতরণ- সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

৬. যুগ্মসচিব সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. উপসচিব (পৌর-১ ও পৌর-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ (সকল পৌরসভায় পত্রটি প্রেরণের অনুরোধসহ)।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অফিস কপি।